যুগান্তর

তারিখ ... 26 JAN 2016 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 2 ........

# ইস্টার্ন ভার্সিটিতে নতুন কোর্স উদ্বোধন

ইস্টার্ন ইউনিভার্সিটি (ইইউ) উদ্যোগে এবং ওয়ান এশিয়া ফাউন্ডেশন, জাপানের অর্থায়নে সোমবার 'এশিয়ান সম্প্রদায় : অর্থনীতি ও সংস্কৃতি' শীর্ষক কোর্সের উদ্বোধন করা হয়। এ উপলক্ষে ইইউর বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান আবুল খায়ের চৌধুরীর সঙ্গে জাপানের কায়েতসু বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মাসাফুমি সাতোর এক বৈঠক অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইইউর ভিসি অধ্যাপক ড. আবদুর রব, প্রোভিসি অধ্যাপক ড. আবদুল হান্নান চৌধুরী, ট্রেজারার, বিভিন্ন অনুষদের ডিন, কোর্সের অতিথি শিক্ষক অধ্যাপক ড. একেএম মোয়াজ্জেম হোসাইন, রেজিস্ট্রার, উপদেষ্টা, চেয়ারপারসন, পরিচালক, পরীক্ষা নিয়ন্ত্রক, উপপরিচালক, শিক্ষক, কর্মকর্তা এবং ছাত্রছাত্রীরা। এপ্রিলে কোর্সের সমাপনী অনুষ্ঠানে ওয়ান এশিয়া ফাউন্ডেশনের সভাপতি মি. ইওজি সাতো উপস্থিত থাকবেন। সংবাদ বিজ্ঞপ্তি।